



7

দেশে শিক্ষিতের হার ২৯.২ ভাগ

॥ সংসদ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেছেন, ৮১ সালের আদমশুমারি অনুযায়ী দেশে ১৫ বছর এবং তদুর্ধ্ব বয়সের জনসংখ্যার শিক্ষিতের হার শতকরা ২৯ দশমিক ২ ভাগ। এর মধ্যে পুরুষ শতকরা ৩৯ দশমিক ৭ এবং মহিলা শতকরা ১৮ ভাগ। গতকাল (বুধবার) জাতীয় সংসদে অধ্যক্ষ আবুল কালাম মজুমদারের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান।

জনাব মাহবুবুর রহমান জানান, সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন এবং সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে আগামী ২ হাজার সাল নাগাদ শিক্ষিতের হার শতকরা ৬০ ভাগে উন্নীত করা সম্ভব হবে বলে আশা করা যায়।